৩/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রজেই-৪ শাখা)

স্মারক নং প্রজেই-৪/জেপ-৫৮/২০০০/১২৭৭(৬১) তারিখঃ ০২-০৭-২০০১

বিষয় ঃ ৬১টি জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা (উপ-সচিব) কর্তৃক পরিষদের সাধারণ, আর্থিক ও দৈনন্দিন কার্যাবলী পরিচালনা/নিস্পন্ন এবং পরিষদের বাধ্যতামূলক/ঐচ্ছিক কার্যাবলী বাস্তবায়ন করা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ আইন/২০০০ কার্যকর হওয়ার প্রেক্ষিতে এবং জেলা পরিষদে প্রধান নির্বাহী কর্মকর্তা পদে কর্মকর্তা যোগদান করায় পুনরাদেশ না দেয়া পর্যন্ত জেলা পরিষদের সাধারণ ও আর্থিক বিষয়াবলীসহ দৈনন্দিন কার্যাবলী ও অন্যান্য বিষয়াদি নিম্নোক্তভাবে নিস্পন্ন/সম্পন্ন হবেঃ

১। প্রশাসনিক ও সাধারণ বিষয়াদি ঃ জেলা পরিষদ গঠিত না হওয়া/পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এখন থেকে জেলা পরিষদ সচিবের পরিবর্তে প্রধান নির্বাহী কর্মকর্তা চূড়ান্ত কর্তৃপক্ষ/দপ্তর প্রধান হিসেবে জেলা পরিষদের যাবতীয় দৈনন্দিন কার্যক্রম নিস্পন্ন/সম্পন্ন করবেন। এ প্রক্রিয়ায় প্রশাসনিক এবং কারিগরী উইং এর সকল নথি (উন্নয়ন কর্মকান্ড ও প্রকল্পসহ) সচিবের মাধ্যমে প্রধান নির্বাহী কর্মকর্তার বরাবর উপস্থাপিত হবে। প্রধান নির্বাহী কর্মকর্তার অনুপস্থিতিতে (পদশূণ্যজনিত/ ছুটিকালীন) সচিব উপরোক্ত বিষয়াদি পূর্বের ন্যায় নিস্পন্ন করবেন। প্রধান নির্বাহী কর্মকর্তা এবং সচিবের অনুপস্থিতিতে (পদ শূণ্যজনিত/ছুটিকালীন) উপরোক্ত কার্যাদি সংশ্লিষ্ট জেলার জ্যৈষ্ঠ অতিরিক্ত জেলা প্রশাসক নিস্পন্ন করবেন।

২। আর্থিক ব্যবস্থাপনা ঃ প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদের আয়ন/ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। পরিষদের ব্যাংক হিসাবসমূহ এখন থেকে জেলা পরিষদের সচিবের পরিবর্তে প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক পরিচালিত হবে। তবে অর্থ উত্তোলন ও ব্যয় সংক্রান্ত যাবতীয় নথি সচিব থাকলে (পদায়নকৃত) অবশ্যই সচিবের মাধ্যমে প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর উপস্থাপিত হতে হবে। প্রধান নির্বাহী কর্মকর্তার অনুপস্থিতিতে সচিব কর্তৃক ব্যাংক হিসাব পরিচালিত হবে।

৩। অন্যান্য বিষয়াদি ঃ ক) ছুটিকালীন প্রতিভূঃ প্রধান নির্বাহী কর্মকর্তার ছুটিকালীন সচিব প্রধান নির্বাহী কর্মকর্তার দায়িত্বে থাকবেন। সচিবের ছুটিকালীন সচিব কর্তৃক নিস্পত্তিযোগ্য যাবতীয় বিষয়াদি সরাসরি প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক সম্পাদিত/নিস্পত্তিকৃত হবে।

খ) যানবাহন ব্যবহারঃ পুনরাদেশ না দেয়া পর্যন্ত অথবা বিকল্প যানবাহনের ব্যবস্থা না হওয়া পর্যন্ত প্রধান নির্বাহী কর্মকর্তা এবং সচিব প্রয়োজনানুসারে বিদ্যমান যানবাহন ব্যবহার করবেন।

গ) টেন্ডার কমিটির কার্যবিবরণী অনুমোদনঃ জেলা পরিষদের টেন্ডার কমিটির কার্যবিবরণী জেলা প্রশাসকের পরিবর্তে প্রধান নির্বাহী কর্মকর্তা অনুমোদন করবেন। প্রধান নির্বাহী কর্মকর্তার অনুপস্থিতিতে (পদশূণ্যজনিত/পদায়ন না হলে/ছুটিকালীন) পূর্বের ন্যায় জেলা প্রশাসক কার্যবিবরণী অনুমোদন করবেন। সচিবের পদ শূণ্য থাকলে প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদের দরপত্র কমিটির আহ্বায়কের দায়িত্ব পালন এবং কার্যবিবরণী অনুমোদন করবেন।

ঘ) টেলিফোনঃ প্রধান নির্বাহী কর্মকর্তা অফিস এবং বাসভবনে টেলিফোন সুবিধা পাবেন।

ঙ) নৈমিত্তিক ছুটিঃ বিভাগীয় কমিশনার জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তার নৈমিত্তিক ছুটি মঞ্জুর করবেন। জেলা প্রশাসককে অবহিত রেখে প্রধান নির্বাহী কর্মকর্তা নৈমিত্তিক ছুটি ভোগ করবেন। প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ সচিবের নৈমিত্তিক ছুটি মঞ্জুর করবেন। প্রধান নির্বাহী কর্মকর্তার অনুপস্থিতিতে (পদ শূণ্যজনিত কারণে/ পদায়ন না হলে) সচিবের নৈমিত্তিক ছুটি জেলা প্রশাসক মঞ্জুর করবেন। অফিসের অন্যান্য কর্মকর্তা/ কর্মচারীদের নৈমিত্তিক ছুটি সচিব মঞ্জুর করবেন।

চলমান পাতা-২/=

চ) বার্ষিক গোপনীয় প্রতিবেদনঃ বিভাগীয় কমিশনার জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তার বার্ষিক গোপনীয় অনুবেদন লিখবেন। মন্ত্রণালয়ের সচিব তা প্রতিস্বাক্ষর করবেন। প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ সচিবের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখবেন এবং বিভাগীয় কমিশনার তা প্রতিস্বাক্ষর করবেন। প্রধান নির্বাহী কর্মকর্তার অনুপস্থিতিতে (পদ শূণ্যজনিত কারণে/পদায়ন না হলে) জেলা প্রশাসক সচিবের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখবেন এবং বিভাগীয় কমিশনার প্রতিস্বাক্ষর করবেন। জেলা পরিষদের অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন সচিব লিখবেন এবং প্রধান নির্বাহী কর্মকর্তা তা প্রতিস্বাক্ষর করবেন।

ছ) ভ্রমন বিবরণী ও ভ্রমন বিলঃ প্রধান নির্বাহী কর্মকর্তার ভ্রমন বিবরণী ও ভ্রমন বিল বিভাগীয় কমিশনার এবং সচিবের ভ্রমন বিবরণী ও ভ্রমন বিল প্রধান নির্বাহী কর্মকর্তা অনুমোদন করবেন। জেলা পরিষদের অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের ভ্রমন বিবরণী ও ভ্রমন বিল সচিব অনুমোদন করবেন। প্রধান নির্বাহী কর্মকর্তার অনুপস্থিতিতে (পদ শূণ্যজনিত কারণে/পদায়ন না হলে) জেলা প্রশাসক সচিবের ভ্রমন বিবরণী ও ভ্রমন বিল অনুমোদন করবেন।

৪। বিভাগীয় কমিশনারের ভূমিকা ঃ আইন অনুযায়ী জেলা পরিষদ গঠিত না হওয়ায় জেলা পরিষদের কর্মকান্ড/কার্যাবলী বিভাগীয় কমিশনার কর্তৃক তদারকীর প্রয়োজনীয়তা অনুভূত হয় । এ প্রেক্ষিতে জেলা পরিষদ গঠিত না হওয়া পর্যন্ত বিভাগীয় কমিশনার নিম্নোক্ত দায়িত্ব পালন করবেনঃ

১) জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ বিভাগীয় কমিশনার পরিদর্শন করতে পারবেন এবং ক্ষেত্রমতে প্রয়োজনীয় দিক নির্দেশনা/পরামর্শ দিতে পারবেন।

২) তিনি নিয়মিত জেলা পরিষদসমূহ পরিদর্শন/দর্শন ~~করবেন~~ পারবেন।

৩) তিনি তাঁর এলাকাধীন জেলা পরিষদসমূহের প্রধান নির্বাহী কর্মকর্তাদের নিয়ে ত্রৈমাসিক সভা করবেন। এ সভায় জেলা পরিষদ কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় দিক নির্দেশনা/পরামর্শ দিবেন এবং প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবেন।

৪) পরিষদের কোন সম্পত্তি যাতে বেহাত না হয় তজ্জন্য জেলা পরিষদকে প্রয়োজনীয় পরামর্শ/ সহায়তা প্রদান করবেন।

৫। জেলা প্রশাসকের ভূমিকা ঃ

১) জেলা পরিষদের প্রকল্প বাছাই প্রক্রিয়ায় প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব জেলা প্রশাসকের সাথে পরামর্শ/ আলোচনাক্রমে প্রকল্প তালিকা চুড়ান্ত করবেন।

২) জেলা পরিষদের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহ তিনি দর্শন করতে এবং পরামর্শ দিতে পারবেন।

৩) জেলা পরিষদের সম্পত্তি রক্ষার্থে তিনি আইনানুগ প্রয়োজনীয় সহযোগিতা/পরামর্শ দিবেন।

৬। জেলা পরিষদ সচিব কর্তৃক নিষ্পন্ন বিষয়সমূহ সম্পর্কে তিনি প্রধান নির্বাহী কর্মকর্তাকে অবহিত রাখবেন।

চলমান পাতা-৩/-

CamScanner

৭। মন্ত্রণালয় কর্তৃক নিষ্পত্তিযোগ্য বিষয়াদি পূর্বের ধারাবাহিকতায় মন্ত্রণালয় কর্তৃক নিষ্পত্তির প্রক্রিয়া/ধারা অব্যাহত থাকবে।

৮। উপরোক্ত নির্দেশাবলী অবিলম্বে কার্যকর হবে।

( মোঃ আবদুল হান্নান )
উপ-সচিব (প্রশাসন)
ফোনঃ ৮৬১৮২৮৬

প্রাপক ঃ প্রধান নির্বাহী কর্মকর্তা/ সচিব,

জেলা পরিষদ,..........................................( সকল)

স্মারক নং প্রশেই-৪/জেপ-৫৮/২০০০/১২৭৭/১(১২৮)

তারিখঃ ০২-০৭-২০০১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১) বিভাগীয় কমিশনার,..............................বিভাগ, ............................(সকল)

২) জেলা প্রশাসক,....................................(সকল)

৩) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,জেলা ...........................................(সকল)

( মোঃ সোহরাব হোসেন শেখ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ৮৬১৯২৭৪।